


Date: 03.04.2017


Enclosed is the news item appearing in 'Ananda Bazar Patrika, a Bengali daily dated 02.04.2017, captioned 'গোঘাটে আক্রান্ত বিকাশ'


Superintendent of Police, Hooghly is directed to submit a detailed report by 12<sup>th</sup> May, 2017 enclosing thereto -

- (a) full address and particulars of the victim;
- (b) copy of FIR, if any;
- (c) statement of the victim

  
(Justice Girish Chandra Gupta)

Chairperson

  
(Naparajit Mukherjee)  
Member

  
(M. S. Dwivedy)  
Member

Encl: News Item Dt. 02.04. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and to send a copy of the order to concerned news paper and upload in the website.

*libabu*

*1 p. oil*

# গোঘাটে আক্রান্ত বিকাশ

নিজস্ব সংবাদদাতা

গোঘাটে: কখনও সারদা, কখনও নারদ, কখনও টেটা মামলায়-মামলায় শাসক দলের নেতা-মন্ত্রী-সাংসদদের ব্যতিব্যস্ত করে তুলেছেন তিনি। সিপিএমের সেই আইনজীবী নেতা বিকাশ ভট্টাচার্য শনিবার 'সেভ ডেমোক্রেসিস'র প্রতিনিধিদের সঙ্গে হুগলির গোঘাটের ভাবাদিঘি যাওয়ার পথে উল্লাসপুরে আক্রান্ত হলেন। পথ আটকে কয়েকশো মহিলা-পুরুষ তাঁদের কটুক্তি ও মারধর করে। ধাক্কাধাক্কিতে মাটিতে পড়ে যান বিকাশবাবু। শেষ পর্যন্ত আর ভাবাদিঘি না-গিয়েই তাঁরা কলকাতা ফিরে আসেন।

ঘটনায় তৃণমূলের কর্মী-সমর্থকেরাই জড়িত বলে অভিযোগ তুলেছেন বিকাশবাবুরা। বিকাশবাবুর বক্তব্য, "জীবনে কখনও এমন ঘটনার মুখোমুখি হইনি। ১৯৭২ সালেও নয়। ওরা আমার মোবাইল কেড়ে ফেলে দেয়। কিল-চড়-ঘুঘি মারতে থাকে। পুলিশ নীরব দর্শক ছিল। তারা আমাদের বলে, যেতে পারবেন না। এই রকম অবস্থা এখন পশ্চিমবঙ্গের!"

যাবতীয় অভিযোগ ঋতিয়ে দেখে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন আরামবাগের এসডিপিও হরেকৃষ্ণ পাই। তবে হুগলির তৃণমূল সভাপতি তপন দাশগুপ্তের দাবি, "ওই বিক্ষোভে তৃণমূল ছিল না। বাম আমলে ওই এলাকায় সিপিএমের হাতে খুন হওয়া 'শহিদ' পরিবারের লোকেরা ছিলেন।" একই দাবি গোঘাটের তৃণমূল বিধায়ক মানস মজুমদারেরও।

গত বৃহস্পতিবার কলকাতায় মহিলা তৃণমূলের মিছিল থেকে স্লোগান ওঠে, 'দলের নেতাদের মিথ্যা ষড়যন্ত্র করে



■ আক্রান্ত: ধাক্কাধাক্কির চোটে রাস্তায় পড়ে বিকাশ ভট্টাচার্য। শনিবার উল্লাসপুরে। নিজস্ব চিত্র

সারদা এবং নারদ-কাণ্ডে ফাঁসানো হচ্ছে'। মামলাকারী আইনজীবীদের শাস্তির দাবিও উঠেছিল। বিরোধীরা মনে করছেন, সেই উল্লেখনিতেই বিকাশবাবুর উপরে হামলা হল। তৃণমূলের নেতাদের নির্দেশেই বিকাশবাবুর উপরে হামলা বলে অভিযোগ করেন বিরোধী দলনেতা আব্দুল মান্নান। তাঁর বক্তব্য, "হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টে বিকাশবাবু যে ভাবে লড়ছেন, তাতে তৃণমূল ভয় পাচ্ছে। মুখ্যমন্ত্রী বিধানসভায় যে ভাবে আমাকে এবং বিকাশবাবুকে জগাই-মাধাই বলে শাসিয়েছিলেন, তাতেই তৃণমূলের দুষ্কৃতীরা উৎসাহিত হয়েছে।" এ দিনই রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠীর কাছে গোঘাটের হামলা নিয়ে অভিযোগ জানান প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী-সহ দলের নেতা ও বিধায়কেরা।

১  
২  
৩  
৪  
৫  
৬  
৭  
৮  
৯  
১০  
১১  
১২  
১৩  
১৪  
১৫  
১৬  
১৭  
১৮  
১৯  
২০  
২১  
২২  
২৩  
২৪  
২৫  
২৬  
২৭  
২৮  
২৯  
৩০  
৩১  
৩২  
৩৩  
৩৪  
৩৫  
৩৬  
৩৭  
৩৮  
৩৯  
৪০  
৪১  
৪২  
৪৩  
৪৪  
৪৫  
৪৬  
৪৭  
৪৮  
৪৯  
৫০  
৫১  
৫২  
৫৩  
৫৪  
৫৫  
৫৬  
৫৭  
৫৮  
৫৯  
৬০  
৬১  
৬২  
৬৩  
৬৪  
৬৫  
৬৬  
৬৭  
৬৮  
৬৯  
৭০  
৭১  
৭২  
৭৩  
৭৪  
৭৫  
৭৬  
৭৭  
৭৮  
৭৯  
৮০  
৮১  
৮২  
৮৩  
৮৪  
৮৫  
৮৬  
৮৭  
৮৮  
৮৯  
৯০  
৯১  
৯২  
৯৩  
৯৪  
৯৫  
৯৬  
৯৭  
৯৮  
৯৯  
১০০